অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/16/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল 20 মিলিয়ন মার্কিন ডলারের পুনর্বাসন ও প্রদর্শনী হালনাগাদকরণের পর ইয়োঙ্কার্সের ফিলিপ্স ম্যানর হল স্টেট ঐতিহাসিক সাইট পুনরায় খুলে দেওয়ার ঘোষণা করলেন

নতুন প্রদর্শনী হলের জানা গল্পকে বিস্তৃত করে এবং অঞ্চলের আদিবাসী মানুষ ও ক্রীতদাস করে রাখা আফ্রিকানদের ইতিহাসকে যুক্ত করবে

উন্নয়নকাজ উল্লেখযোগ্যভাবে অ্যাক্সেসিবিলিটি বৃদ্ধি করে, যার মধ্যে আছে নতুন এলিভেটর, নতুনভাবে নকশা করা প্রদর্শনী, এবং ভার্চ্যুয়াল উইং এবং এর বার্ষিক দর্শক সংখ্যা দ্বিগুণ হবে বলে প্রত্যাশা করা যাচ্ছে

উন্নয়নকাজের ছবি উপলভ্য [এখানে]()

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে 20 মিলিয়ন মার্কিন ডলারের ভবন ও জমি পুনর্বাসন কাজ এবং নকশা ও নতুন প্রদর্শনীর কাজ করার পর ফিলিপ্স ম্যানর হল স্টেট ঐতিহাসিক সাইট (Philipse Manor Hall State Historic Site) পুনরায় খুলে দেওয়া হয়েছে। এই নতুন প্রদর্শনীগুলি পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ অফিসের (Office of Parks, Recreation and Historic Preservation) আমাদের সম্পূর্ণ ইতিহাস (Our Whole History) উদ্যোগকে অগ্রসর করে, যা স্টেটের ঐতিহাসিক সাইটগুলি যাতে আমাদের স্টেট ও দেশের ইতিহাসের বৈচিত্র্যের প্রতিফলন করে এমন গল্পকে বরণ করে নেয় তা নিশ্চিত করে।

"ফিলিপ্স ম্যানর হল নিউ ইয়র্কের কলোনিয়াল যুগের শুরুর দিকের একটি অনন্য জানালা প্রদান করে এবং স্বাধীনতার পথে দেশে প্রথম অধ্যায়গুলি বলার জন্য নিজেকে ধার দিয়েছে," **গভর্নর হোকল বলেন।** "যেই মানুষেরা ফিলিপ্স পরিবারের বাড়িতে 18 শতাব্দীতে বাস, কাজ ও বাণিজ্য করেছে, তারা লোয়ার-হাডসন ভ্যালির আকৃতি দানে অনেক বেশি প্রভাব রেখেছে। ফিলিপ্স ম্যানর হলের এই পুনর্বাসন আমাদের সাধারণ ঐতিহ্য সংরক্ষণ করতে নিউ ইয়র্কের দৃঢ় অঙ্গীকারের প্রতিফলন, যা আমাদের স্টেটের বৈচিত্র্যময় সংস্কৃতি ও ইতিহাসের সম্পূর্ণ বর্ণালীকে আলোকিত করে।"

ফিলিপ্স ম্যানর হল একটি জাতীয় ঐতিহাসিক ল্যান্ডমার্ক (National Historic Landmark) এবং একটি ইয়োঙ্কার্স সিটি ল্যান্ডমার্ক (Yonkers City Landmark); এই পদমর্যাদাটি সাইটের পুনর্বাসনে

স্টেট পার্কের পন্থাকে সম্পূর্ণ অবগত করেছে। হলের স্থাপত্য পুন: প্রতিষ্ঠার পাশাপাশি, ভূমি এবং ভবনকেও অ্যাক্সেসিবিলিটি উন্নত করার জন্য হালনাগাদ করা হয়েছে, যার মধ্যে রয়েছে একটি নতুনভাবে নির্মিত, সুবিবেচনাপূর্ণ পেছনের সংযোজন যেখানে নতুন বাথরুম এবং এলিভেটর রয়েছে। নতুন প্রদর্শনীটি নকশা করা হয়েছে বহুভাষিক, শ্রবণ ও দৃষ্টি প্রতিবন্ধী, হুইলচেয়ার ও ওয়াকারসহ দর্শকদের প্রয়োজন মেটানোর জন্য এবং এটি সকল বয়স, সক্ষমতা এবং সাংস্কৃতিক অভিজ্ঞতার দর্শকদের প্রতি সংবেদনশীল। ফিলিপ্স ম্যানর হল পুনরায় খুলে দেওয়ার পূর্বে, এখানে বছরে আনুমানিক 15,000 দর্শক আসতো, এবং পুনর্বাসনের ফলে এই পরিমাণ দ্বিগুণ হয়ে বছরে আনুমানিক 30,000 দর্শকের প্রত্যাশা করা যাচ্ছে।

এছাড়াও যারা সশরীরে সাইটে আসতে পারবে না তাদের জন্য প্রদর্শনীগুলি ভার্চ্যুয়ালি দেখানো হবে, যা আন্তর্জাতিক দর্শকদের কাছে সাইটের গতিশীল ইতিহাস পৌঁছে দিতে পারবে। এছাড়াও "ভার্চ্যুয়াল উইং" নামের অতিরিক্ত ঐতিহাসিক ও ব্যাখ্যামূলক বিষয়ে নিবেদিত একটি ওয়েবসাইটে একটি 360° ভার্চ্যুয়াল ট্যুর অন্তর্ভুক্ত থাকবে।

নতুন প্রদর্শনীটি ফিলিপ্স পরিবারের, যেই আদিবাসী মানুষদের থেকে ফিলিপ্স জমি নেওয়া হয়েছে,এ বন ক্রীতদাস করে রাখা আফ্রিকানদের, যাদের কাজ এবং বাণিজ্য ফিলিপ্স পরিবারকে প্রাক-বিপ্লবী যুগে সমৃদ্ধি করতে দিয়েছে, সেই সকল যাত্রা অন্তর্ভুক্ত করে। যদিও অতীতের প্রদর্শনী ও বক্তৃতায় আফ্রিকান ও আদিবাসী মানুষের নিউ ইয়র্কের ইতিহাসে ভূমিকা নথিভুক্ত করা হয়েছে, এই বিস্তৃত স্থানীয় প্রদর্শনীগুলি তা আরো সম্পূর্ণভাবে ফুটিয়ে তুলে এবং দর্শকদেরকে এই জটিল ইতিহাস সম্পর্কে জানায়।

প্রদর্শনীতে রয়েছে বিভিন্ন ধরনের ইন্টারেক্টিভ উপাদান যেমন অগমেন্টেড বাস্তবতার অভিজ্ঞতা, স্পর্শ ও শব্দ, যার মধ্যে কলোনিয়াল সময়কালে শোনা যাওয়া ভাষা মানসি, ডাচ এবং কিকংগো, এবং বৈচিত্র্যময় শিক্ষা অভিজ্ঞতার সমর্থনে ঘ্রাণ উপাদান রয়েছে।

পাশাপাশি, নিউ ইয়র্ক স্টেট ইয়োঙ্কার্সের মিউনিসিপ্যাল আবাসন কর্তৃপক্ষের (Municipal Housing Authority of Yonkers, MHACY) সাথে এবং ইয়োঙ্কার্স আর্টসের (Yonkers Arts) সাথে অংশীদারিত্ব করেছে প্রয়াত র‍্যাপার এবং অভিনেতা আর্ল সিমন্স, যে DMX নামেও পরিচিত, তার ব্যাপারে একটি প্রদর্শনী কিউরেট করার জন্য। প্রদর্শনী "আমার চোখে দেখুন: একটি DMX গল্প (Look Thru My Eyes: a DMX Story)" এই বছরের শেষের দিকে খুলে দেওয়া হবে। প্রদর্শনীটি সহ-কিউরেট করেছে ইয়োঙ্কার্স আর্টসের রে উইলকক্স, রাইসা ফিটজেরাল্ড এবং MHACY-র উইলসন কিম্বলের কিউরেশন ও সৃজনশীল সমর্থন নিয়ে।

এই হালনাগাদকরণগুলি স্টেট পার্কের *আমাদের সম্পূর্ণ ইতিহাস* উদ্যোগের সাথে সরাসরি মিলে যায়। *আমাদের সম্পূর্ণ ইতিহাসের* পন্থা হলো প্রাসঙ্গিকতা ও অর্থ তৈরির জন্য একাধিক দৃষ্টিভঙ্গি প্রদান করা।

নিউ ইয়র্ক স্টেটের পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ অফিসের কমিশনার এরিক কুলেসিড বলেন, "আমাদের ঐতিহাসিক সাইট ব্যবস্থা জুড়ে নতুন প্রদর্শনী, ব্যাখ্যা এবং কর্মসূচির প্রতি এই প্রতিশ্রুতি আমাদের স্টেটের মানুষের বৈচিত্র্য, মানবতা এবং প্রভাবকে আরো

ভালোভাবে ফুটিয়ে তুলে এবং আমাদের স্টেটের ইতিহাস গঠনে গতানুগতিকভাবে কম প্রতিনিধিত্ব পাওয়া সম্প্রদায়গুলির ভূমিকার উপর আরো আলোকপাত করে।"

সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ড-কাজিন্স বলেন, "আজকে ফিলিপ্স ম্যানর হলের জন্য একটি আনন্দের মুহূর্ত যেহেতু এটি নতুন একটি উদ্দেশ্যে পুনরায় খুলছে। নতুনভাবে স্থানীয় এবং অ্যাক্সেসিবল প্রদর্শনীগুলি দর্শকদের নিউ ইয়র্ক স্টেটে এবং ইয়োঙ্কার্স সিটিতে আফ্রিকান ও আদিবাসী মানুষের সকল অবদান আরো সম্পূর্ণভাবে বুঝতে সাহায্য করবে। আমি সকলকে দেখতে যেতে উৎসাহিত করছি এবং ফিলিপ্স ম্যানর হল ও NYS পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ অফিসকে এই পুনরায় খুলে দেওয়ার জন্য অভিনন্দন জানাচ্ছি।"

অ্যাসেম্বলি সদস্য গ্যারি প্রেটলো বলেন, "আমি ফিলিপ্স ম্যানর হলের পুনর্বাসন কাজ শেষ হওয়া দেখে খুশি হয়েছি। ঐতিহাসিক এই ল্যান্ডমার্কটি আমাদের সম্প্রদায়ের একটি গুরুত্বপূর্ণ অংশ এবং এটি আমাদেরকে আমাদের শহরে হওয়া ক্রীতদাস প্রথার কথা মনে করিয়ে দেয়। বর্তমান ও ভবিষ্যৎ প্রজন্মকে শিক্ষাদান করা গুরুত্বপূর্ণ যেহেতু আমরা আমাদের বৈচিত্র্যময় শহরে উন্নতি করে যাচ্ছি।"

অ্যাসেম্বলি সদস্য ন্যাডার সেইজ বলেন, "ইয়োঙ্কার্স সিটি সবসময় ফিলিপ্স ম্যানর হলের ঐতিহাসিক গুরুত্বের স্বীকৃতি দিয়েছে এবং তা উপভোগ করেছে। গভর্নর ক্যাথি হোকলের নেতৃত্বের কল্যাণে, নিউ ইয়র্ক স্টেট প্রদর্শনীর পুনর্বাসনে 20 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করবে যা অঞ্চলের আদিবাসী মানুষ এবং ক্রীতদাস করে রাখা আফ্রিকানদের ব্যাপারে, এবং একইসাথে তাদের ইতিহাসের ব্যাপারে আরো বেশি সচেতনতা প্রদান করবে। এই লক্ষণীয় প্রচেষ্টা নিউ ইয়র্কের বহু প্রজন্মকে আমাদের স্টেট এবং আমাদের দেশ উভয়ের "সম্পূর্ণ ইতিহাস" বুঝতে দিবে আমাদের বৈচিত্র্যকে বরণ করে নিয়ে ও এর প্রতিফলন করে। আমরা এই প্রকল্পটি আমাদের সকলকে যা শেখাবে তা নিয়ে আনন্দিত এবং আমি নিকট ভবিষ্যতে এর কাজ সফলভাবে সম্পূর্ণ হওয়ার জন্য উন্মুখ।"

অ্যাসেম্বলি সদস্য ড্যানিয়েল জে. ও'ডোনেল বলেন, "আমি ফিলিপ্স ম্যানর হল পুনরায় খুলে দিতে পেরে, এবং স্থানীয় ও পর্যটক সকলের জন্য একইভাবে এর সম্প্রদায়, সংযুক্তি ও শিক্ষা তৈরির নতুন যুগের জন্য অত্যন্ত আনন্দিত। পর্যটন শুধু নিউ ইয়র্কের অর্থনীতিকে চালনা, চাকরি তৈরি এবং আমাদের স্টেটব্যাপী স্থানীয় গন্তব্যে রাজস্ব চালনা করে না, বরং এটি আমাদের কল্পনাকেও উদ্দীপিত করে। আমাদেরকে আমাদের অতীতের সাথে সংযুক্ত করে দিয়ে, ঐতিহাসিক সাইটগুলি আমাদেরকে আরো ভালো ভবিষ্যৎ গঠনে শিক্ষা পেতে ও বিকশিত হতে দেয়। আমি অ্যাক্সেসিবিলিটি এবং আমরা আমাদের ইতিহাসের ব্যাপারে যেই গল্প বলি তার বৈচিত্র্য সম্প্রসারণ করার প্রতি নিউ ইয়র্ক স্টেটের নিবেদন দেখে গর্বিত এবং ফিলিপ্স ম্যানর হলের বিনিয়োগ ও পুনর্বাসন নিয়ে খুশি। আমি এই মূল্যবান ঐতিহাসিক সাইটটির জন্য আকর্ষণীয় একটি ভবিষ্যৎ দেখতে উন্মুখ।"

ওয়েস্টচেস্টার কাউন্টি নির্বাহী জর্জ ল্যাটিমার বলেন, "আমি গভর্নর ক্যাথি হোকলকে ধন্যবাদ জানাতে চাই ফিলিপ্স ম্যানর হলে 20 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করার জন্য, এটি আমাদের সুন্দর কাউন্টির সবথেকে প্রাচীন জাতীয় ঐতিহাসিক ল্যান্ডমার্কসমূহের মধ্যে একটি।

ম্যানর হাউজটি 1600 শতাব্দী থেকে বিদ্যমান এবং এটি ফ্রেডরিক ফিলিপ্স দ্য থার্ডের বাড়ি ছিলো এবং এছাড়াও এটি 1872 সালে প্রথম ইয়োঙ্কার্স গ্রামের হল হিসেবে কাজ করেছে। এই বিস্তৃত পুনর্বাসন সাইটটিকে 21 শতাব্দীতে নিয়ে আসে এবং এটি ভবিষ্যৎ প্রজন্মগুলিকে নতুন শিল্প, প্রদর্শনী, উপস্থাপনা এবং শিক্ষামূলক কর্মসূচির মাধ্যমে এর সমৃদ্ধ ইতিহাসের অভিজ্ঞতা লাভ করতে দিবে।"

ইয়োঙ্কার্সের মেয়র মাইক স্প্যানো বলেন, "আমরা বিয়োগের মাধ্যমে ইতিহাস প্রদর্শন করি না, আমরা সম্পূর্ণ গল্প বলে ইতিহাস প্রদর্শন করি। মুখ্য ইয়োঙ্কার্স ব্যক্তি ও মাইলফলকের সংযোজনের মাধ্যমে, ফিলিপ্স ম্যানর হল এখন এমন একটি স্থান হবে যা আমাদের বাসিন্দা ও দর্শকদের একটি বোনা ফিডা যাত্রায় নিয়ে যাবে। আমি স্টেট পর্যায়ে আমাদের অংশীদারদেরকে এই বিনিয়োগের জন্য ধন্যবাদ জানাতে চাই যা আমাদের শহরের প্রবৃদ্ধি ও বিকাশকে আগামী প্রজন্মগুলির জন্য নথিভুক্ত ও সংরক্ষণ করে রাখবে।"

ফ্রেন্ডস অফ ফিলিপ্স ম্যানর হলের (Friends of Philipse Manor Hall) ফ্রেন্ডস বোর্ড প্রেসিডেন্ট ডেভ মার্টিন বলেন, "ফিলিপ্স ম্যানর হলের পুনর্বাসন ও সংস্কার নিঃসন্দেহে একটি বিশ্বমানের জাদুঘর সৃষ্টি করেছে।"

ইয়োঙ্কার্স ডাউনটাউন ওয়াটারফ্রন্ট BID-র (Yonkers Downtown Waterfront BID) পরিচালক সারা ব্রডি বলেন, "ইয়োঙ্কার্স সিটিতে, এখানে, এই সুন্দর জাতীয় ঐতিহাসিক ল্যান্ডমার্ক পুনরায় খুলে দেওয়া সম্প্রদায়ের জন্য খুবই আনন্দের একটি ব্যাপার। ফিলিপ্স ম্যানর হল, এর হালনাগাদ ও উন্নয়নকাজ নিয়ে, আরেকটি দারুণ আকর্ষণ হবে যা শুধু আমাদের স্থানীয় সম্প্রদায়কে নয়, বরং সম্পূর্ণ কাউন্টি ও নিউ ইয়র্ক সিটি থেকে দর্শকদের ডাউনটাউন ইয়োঙ্কার্সে নিয়ে আসবে। জাদুঘর দেখতে আসার সময়, আমরা সকলকে উৎসাহিত করবো সময় নিয়ে দারুণ সব রেস্টুরেন্ট, কেনাকাটা, থাকার স্থান, কফি শপ এবং আর্ট গ্যালারিও ঘুরে দেখুন। যেহেতু ছুটির মৌসুম কাছে চলে এসেছে, কোনও ইতিহাসবিদ বা শিল্পে উৎসাহিত মানুষের জন্য জাদুঘরের সদস্যপদ নিখুঁত একটি উপহার হতে পারে। নিউ ইয়র্ক স্টেটকে ডাউনটাউন এবং ইয়োঙ্কার্সের বাকি শহরের বিকাশে এই বিনিয়োগ করার জন্য ধন্যবাদ।"

এই সাইটটিতে নিউ ইয়র্ক স্টেটের মালিকানা প্রতিষ্ঠা করা হয়েছে এভা স্মিথ ককরানের মাধ্যমে, যে নিউ ইয়র্কবাসীদের লাভ ও শিক্ষার জন্য সাইটটিকে চিরতরে সংরক্ষণ করে রাখার জন্য স্টেটের উপর ভরসা করেছে। এর পূর্বে, সাইটটি ইয়োঙ্কার্স গ্রামে এবং ফলশ্রুতিতে ইয়োঙ্কার্স সিটির সিটি হল হিসেবে কাজ করেছে। নতুন প্রদর্শনীগুলি এছাড়াও এই যুগগুলির ক্রান্তিকাল এবং ককরানের সিটির জন্য উপহার, এবং একইসাথে সকল নিউ ইয়র্কবাসী ও দর্শকদের সুবিধার্থে সাইটের সংরক্ষণ ও ব্যাখ্যার জন্য সাইটটি স্টেটকে হস্তান্তরের ব্যাপারে জানাবে।

নিউ ইয়র্ক স্টেটের পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ দপ্তর (Office of Parks, Recreation and Historic Preservation) 250টিরও বেশি পার্ক, ঐতিহাসিক স্থান, চিত্তবিনোদনমূলক ট্রেইল, গলফ কোর্স, বোট লঞ্চ ও আরো অনেক কিছুর দেখাশোনা করে, যেগুলোতে বছরে আনুমানিক 78 মিলিয়ন দর্শনার্থী ভিজিট করে থাকে। এসব চিত্তবিনোদনের এলাকার যেকোনোটি সম্পর্কে আরো তথ্যের জন্য ভিজিট করুন https://www.parks.ny.gov, বিনামূল্যের NY স্টেট পার্কস

এক্সপ্লোরার (NY State Parks Explorer) মোবাইল অ্যাপ ডাউনলোড করুন অথবা 518.474.0456 নম্বরে ফোন করুন। এছাড়াও, ফেসবুক (Facebook), ইনস্টাগ্রাম (Instagram) ও টুইটারে (Twitter) সংযুক্ত হোন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418